তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ১৭ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে যোগ হলো চারটি অনুষদ

■ ভাণ্ডারিয়া (পিরোজপুর) সংবাদদাতা

পিরোজপুরের ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে এ বছর ৪টি অনুষদ খোলা হয়েছে। এতে স্থানীয় শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ আরো হাতের নাগালে চলে এসেছে। এর আগে ২০১৩ সালে সমাজ বিজ্ঞান বিষয়ে অনুমোদন পায় কলেজটি।

কলেজ সূত্রে জানা গেছে, বন ও পরিবেশ মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জুর প্রচেষ্টায় ১৯৮৯ সালে ওই কলেজটি প্রতিষ্ঠিত হয়। এ সময়ে অধ্যক্ষসহ ১৯ জন শিক্ষক-শিক্ষিকা, ২ জন গ্রন্থাগারিক, ১০ জন ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়ে কলেজের যাত্রা শুরু হয়। তখন কলেজটিতে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে ২১৪ জন শিক্ষার্থী ভর্তি হয়।

সমাজ বিজ্ঞান বিভাগের প্রধান মো. খলিলুর রহমান জানান, ২০১৩ সালে সমাজ বিজ্ঞান বিষয়ে অনুমতি পাওয়ার পর ওই বছর ৩০ জন, '১৪ সালে ৩৬ জন, '১৫ সালে ৩৮ জন শিক্ষার্থী ভর্তি হয়। সর্বশেষ চলতি বছর কলেজে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি ও ব্যবস্থাপনা- নতুন আরো ৪টি অনুষদ-এর অনুমোদন পায়। কলেজ অধ্যক্ষ মো. মোশাররফ হোসেন মামুন জানান, বর্তমানে অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ ৫১ জন শিক্ষক, ৪ জন অফিস সহকারী, ১১ জন চতুর্থ শ্রেণি, একজন লাইব্রেরিয়ান এবং মানবিক, বিজ্ঞান ও বাণিজ্যসহ অনার্স মিলিয়ে ১১শ শিক্ষার্থী অধ্যয়ন করছে।